

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি	: মোঃ বেলায়েত হোসেন তালুকদার অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চিফ ইনোভেশন অফিসার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ	: ২০ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ।
সময়	: সকাল ১০.৩০ মিনিট।
সভার স্থান	: সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ২৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। তিনি জানান যে, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ১.১ এর কার্যক্রমে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে বহিঃবিশ্বে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য সেবা গ্রহীতাগণের (শিক্ষার্থীগণ) পরীক্ষার সনদ সত্যায়নের জন্য “ওয়ান স্টপ সার্ভিস” স্থাপন করা হয়েছে এবং এ সংক্রান্ত অফিস আদেশ জারি করা হয়েছে। কর্মপরিকল্পনার ১.২ কার্যক্রম (সেবা সহজিকরণ) বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের তথ্য বাতায়নে “মিডিয়া কর্নার” স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে এ বিভাগ কর্তৃক গৃহিত বিভিন্ন পদক্ষেপ ও সিদ্ধান্ত সংক্রান্ত তথ্য তথ্য/উপাত্ত যেমন: পাবলিক পরীক্ষা সংক্রান্ত, পাঠ্যপুস্তক বিতরণ, ভর্তি নীতিমালা, বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম, প্রকল্প বাস্তবায়ন অগ্রগতিসহ বিভিন্ন কার্যক্রমের তথ্যাদি জনসাধারণ ও সংবাদ মাধ্যমের কাছে সঠিক সময়ে পৌঁছে দেয়া সম্ভব হবে।


৩. তিনি আরো জানান যে, কর্মপরিকল্পনা ১.৬ কার্যক্রমে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ০৪টি অবহিতকরণ সভা/কর্মশালার লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। অবশিষ্ট ০২টি কর্মশালা দ্রুত আয়োজন করা প্রয়োজন। এছাড়া কর্মপরিকল্পনা ২.২.১ কার্যক্রমে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ০৪টি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ২টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ০২টি প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে। কর্মপরিকল্পনা ২.৫ কার্যক্রমে ৩০ মে ২০২২ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৪. সভাপতি ২০২১-২২ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অবশিষ্ট কার্যক্রমগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। পরবর্তীতে সভায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

৫. সিদ্ধান্তসমূহ:

- ৫.১ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবশিষ্ট ০২টি কর্মশালা এবং ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অবশিষ্ট ০২টি প্রশিক্ষণ মে'২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে;
- ৫.২ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন সংক্রান্ত কার্যক্রমটি বাস্তবায়নের লক্ষ্যে দেশে বাস্তবায়িত একটি উদ্ভাবনী উদ্যোগ আগামী ৩০ মে ২০২২ তারিখের মধ্যে পরিদর্শন করতে হবে;
- ৫.৩ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের তথ্য বাতায়নের সকল তথ্যাদি নিয়মিত হালনাগাদ করতে হবে;
- ৫.৪ ইতোপূর্বে বাস্তবায়িত ডিজিটাইজডকৃত সেবা "PIMS" (Personal Information Management Software) সফটওয়্যার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ বেলায়েত হোসেন তালুকদার)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)


ও
চিফ ইনোভেশন অফিসার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২১-৫২

তারিখ: ০৬ চৈত্র ১৪২৮ বাংলা
২০ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল)।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪. উপসচিব (প্রশিক্ষণ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫. উপসচিব (বেসরকারি মাধ্যমিক-১ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬. উপসচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৮. সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৯. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।


(মোহাম্মদ জোবায়ের)

প্রোগ্রামার
ফোন: ৯৫৪৬১৫৮
apa@moedu.gov.bd